**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# এসেক্স কাউন্টির শ্রুন লেকে 21 মিলিয়ন ডলারের ব্রাউন সোয়ান রিসোর্ট নির্মাণের জন্য গভর্নর হোকলের পরিকল্পনা ঘোষণা

## *নর্থ কান্ট্রির আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ থেকে আসা 4.1 মিলিয়ন ডলারের অনুদান এই প্রকল্পে সহায়তা করবে*

## *লজিং ও পর্যটন অবকাঠামোকে সহায়তা করার আঞ্চলিক কর্মকৌশলকে এগিয়ে নিচ্ছে*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে বোনাসিও কনস্ট্রাকশন, ইনক. (Bonacio Construction, Inc)-এর একটি সাবসিডিয়ারি স্প্রিংসিটি ডেভেলপমেন্ট গ্রুপ (SpringCity Development Group) এসেক্স কাউন্টির শ্রুন টাউনে শ্রুন লেকের তীরে সাবেক ব্রাউন সোয়ান ক্লাব (Brown Swan Club) অধিগ্রহণ, সংস্কার ও পুনরুজ্জীবিত করার জন্য আনুমানিক 21 মিলিয়ন ডলার বিনিয়োগের পরিকল্পনা করেছে। 1917 সালে নির্মিত বিদ্যমান ভবনগুলোকে ব্রাউন সোয়ান রিসোর্ট (Brown Swan Resort) নামক একটি প্রিমিয়ার অ্যাডিরনড্যাক গন্তব্যস্থলে রূপান্তর করা হবে, যেখানে 69টি সাধারণ কক্ষ, 25টি স্যুইট, নয়টি সিজনাল শ্যালে, আটটি কেবিন ও 10টি গ্ল্যাম্পিং সাইট সহ মোট 121টি গেস্ট রুম তৈরির পরিকল্পনা রয়েছে। এই রিসোর্টে অতিথিদের জন্য 10,000 বর্গফুট জায়গা নিয়ে একটি বিশ্বমানের রেস্তোরাঁ এবং ভেতরে ও বাইরে বিস্তৃত সব সুযোগ-সুবিধা রাখা হবে, যেমন মিনিয়েচার গলফ, বহুমুখী উদ্দেশ্যে ব্যবহারের জন্য খেলার মাঠ এবং ডক ও ডেক সহ অতিথিদের জন্য সাঁতার কাটার জায়গা।

"মহামারী থেকে পুনরুদ্ধার অব্যাহত রাখার এই সময়ে, অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরাণ্বিত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি কোণায় পর্যটনের প্রসার ঘটানো অপরিহার্য," **বলেছেন গভর্নর হোকল।** "শ্রুন লেকে ব্রাউন সোয়ান রিসোর্টকে সহায়তা করতে পেরে আমি গর্বিত, যেটি সব জায়গার লোকজনকে অ্যাডিরনড্যাক কমিউনিটিতে ভিজিট করার জন্য আকৃষ্ট করবে। এধরনের প্রকল্পগুলো বিশ্বের কাছে একটি সুস্পষ্ট বার্তা পৌঁছে দিচ্ছে: নিউ ইয়র্ক ফিরে এসেছে এবং আমরা আপনাকে উষ্ণ স্বাগতম জানাচ্ছি।"

স্প্রিংসিটি ডেভেলপমেন্ট ব্রাউন সোয়ান ক্লাব, যেটি অতি সম্প্রতি ওয়ার্ড অব লাইফ লজ (Word of Life Lodge) হিসেবে কাজ করেছে, অধিগ্রহণ ও পুনরুজ্জীবিতকরণের জন্য সনি ও জুলি বোনাসিও এবং অ্যান্ড্রিয়া ক্রিসাফুলি ও অ্যালান আয়ার্স এর সঙ্গে অংশীদার হয়েছে। রিসোর্টের

দৈনন্দিন কার্যপরিচালনার দায়িত্ব পালন করবে হে ক্রিক হোটেলস (Hay Creek Hotels), যেটি যুক্তরাষ্ট্রের 32টি স্থানে অনন্য ও নির্ভেজাল ফ্যাশন এবং স্থানীয় উৎস থেকে অনুপ্রাণিত অতিথি অভিজ্ঞতা সরবরাহ করার জন্য পরিচিত উচ্চ-মানের হোটেল অপারেটর।

**বোনাসিও কনস্ট্রাকশন ইনক. এর প্রেসিডেন্ট সনি বোনাসিও বলেন,** "এই সাইট একটি অসাধারণ রত্ন। যদিও এই প্রকল্পে ব্যাপক সংস্কার ও উন্নয়ন কাজের প্রয়োজন রয়েছে, এই জায়গাটির কোনো তুলনা নেই। এই প্রকল্পের মতো একটি প্রকল্প তৈরির জন্য আমরা বেশ কিছু সময় ধরে এই এলাকায় খোঁজ করছিলাম, তাই যখন সুযোগ সামনে এসে দাঁড়ালো আমরা হ্যাঁ বলতে দেরি করিনি! আমাদের সম্মিলিত রূপকল্প বাস্তবে রূপ দেওয়ার জন্য অ্যান্ড্রিয়া ও অ্যালান এবং হে ক্রিক টিমের সঙ্গে কাজ করতে পেরে আমরা উচ্ছসিত।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "এই আইকনিক রিসোর্টকে রূপান্তর করার কাজটি অধিবাসী ও দর্শনার্থীদের শ্রুন লেকে স্বাগত জানাবে, যা স্থানীয় ও আঞ্চলিক পর্যটন অর্থনীতিকে সহায়তা করবে। পুনরুজ্জীবিত ব্রাউন সোয়ান রিসোর্ট এই লেকের প্রাকৃতিক সৌন্দর্যকে পুঁজি করে এবং আশেপাশের কমিউনিটিগুলো ঘুরে দেখা ও অভিজ্ঞতা লাভের জন্য অতিথিদের আমন্ত্রণ জানানো একটি গন্তব্যস্থল তৈরি করার মাধ্যমে পর্যটন অর্থনীতিকে সমৃদ্ধ করার জন্য এই অঞ্চলের পরিকল্পনাকে সামনে এগিয়ে নেবে।"

এই ব্রাউন সোয়ান রিসোর্টে স্টেটের বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটের সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া পর্যটন খাতের কর্মীদের সহায়তা করতে, স্টেটের পর্যটন শিল্পকে পুনরুজ্জীবিত করতে, এবং মহামারী শুরু হওয়ার ঠিক আগে অথবা মহামারী চলাকালীন সময়ে চালু হওয়া ব্যবসাগুলোকে সহায়তা করতে গভর্নর হোকলের 450 মিলিয়ন ডলারের "পর্যটন ফিরিয়ে আনো, কর্মসংস্থান ফিরিয়ে আনো" শীর্ষক অন্তর্ভুক্তিমূলক পুনরুদ্ধার প্যাকেজের পরিপূরক হিসেবে কাজ করছে। এই সমন্বিত কর্মকৌশল অতি গুরুত্বপূর্ণ পর্যটন ও আতিথেয়তা খাতের বেকার কর্মীদের এবং সংগ্রামে লিপ্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করছে, যে খাতটি মহামারীর আগে নিউ ইয়র্কের তৃতীয় বৃহত্তম শিল্পের অবস্থানে ছিল। সেইসাথে, নর্থ কান্ট্রি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (North Country Regional Economic Development Council) এই এলাকার সমৃদ্ধশীল আতিথেয়তা খাতের অর্থনীতি সম্প্রসারণ করতে ও সহায়তা প্রদান করতে থাউজ্যান্ড আইল্যান্ড ও অ্যাডিরনড্যাক অঞ্চলে লজিং উন্নয়ন ও পর্যটন অবকাঠামোতে বিনিয়োগ করাকে সুনির্দিষ্টভাবে টার্গেট করেছে। অ্যাডিরনড্যাক এর প্রাকৃতিক সৌন্দর্য্য, প্রথম শ্রেণির আউটডোর চিত্তবিনোদন, ইতিহাস এবং পরিবার-বান্ধব ক্রিয়াকলাপের জন্য পরিচিত। লজিং-এর ধারণক্ষমতার সমস্যা মোকাবেলা করে এমন প্রকল্পগুলোকে সহায়তা প্রদানের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগ আঞ্চলিক পর্যটন প্রচেষ্টাগুলোর পরিপূরক হিসেবে ভূমিকা রাখছে এবং শ্রুন লেকের মতো অঞ্চলগুলোতে থাকা অপেক্ষাকৃত ক্ষুদ্র কমিউনিটিগুলো ঘুরে দেখার জন্য আরো বেশি সংখ্যক দর্শনার্থীকে উৎসাহিত করছে।

ব্রাউন সোয়ান রিসোর্টের এই রূপান্তরে আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Upstate Revitalization Initiative)-এর মাধ্যমে 4.1 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করে সমর্থন দেওয়া হচ্ছে এবং এটি সাইটে 26টি পূর্ণকালীন সমতুল্য কর্মসংস্থান এবং সাতটি মৌসুমি পদ তৈরি করবে।

সেইসাথে, প্রকল্পটি কমিউনিটির একটি নোঙ্গর হিসেবে ভূমিকা পালন করে; আঞ্চলিক ঐতিহ্য ও স্থাপত্য উদযাপন করে; এবং অধিবাসীদের জন্য অ্যাক্সেসযোগ্য কর্মসংস্থানের সুযোগ তৈরি করে, এই অঞ্চলের প্লেসমেকিং ও কর্মীদল সম্পর্কিত কর্মকৌশলের সাথে সঙ্গতি রক্ষা করছে।

**নর্থ কান্ট্রি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সহ-সভাপতি জেমস ম্যাককেনা বলেন,** "ব্রাউন সোয়ান রিসোর্টের পুনঃউন্নয়ন কাজ সফল হওয়ার পথে রয়েছে। রিসোর্টটির অ্যাডিরনড্যাক নর্থওয়ে (I87) এর কাছাকাছি অবস্থান, এবং সেইসাথে শ্রুন লেকের ছোট টাউনের নিজস্ব আকর্ষণ এবং অ্যাডিরনড্যাক পার্কের আউটডোর চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা সারা বছর ভ্রমণের উপযোগী একটি গন্তব্যস্থল গড়ে তুলবে যা অর্থনৈতিক সমৃদ্ধি ও নতুন কর্মসংস্থান নিয়ে আসবে। এই প্রকল্প NCREDC-এর পরিকল্পনার সঙ্গে সুসঙ্গতি রক্ষা করছে এবং আমরা এটির সাড়ম্বর উদ্বোধনের জন্য আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

**স্টেট সিনেটর ড্যানিয়েল স্টেক বলেন**, "বিদ্যমান ব্রাউন সোয়ান ক্লাবকে একটি রিসোর্টে পরিণত করে পুনরুজ্জীবিত করা শ্রুন লেক ও আশেপাশের কমিউনিটিগুলোর জন্য একটি আনন্দের সংবাদ। আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তহবিল থেকে আসা 4.1 মিলিয়ন ডলারের অনুদান বর্তমান স্থানেই ভালো বেতনের কর্মসংস্থান তৈরিতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং রিসোর্টের স্থানটিকে একটি প্রিমিয়ার পর্যটন গন্তব্যস্থলে রূপান্তর করতে সাহায্য করবে এবং আমাদের স্থানীয় অর্থনীতিকে সমৃদ্ধ করবে।"

**অ্যাসেম্বলি সদস্য ম্যাথিউ সিম্পসন বলেন,** "ব্রাউন সোয়ান ক্লাবকে একটি নতুন জীবন দান করা হবে দেখে আমি উচ্ছসিত এবং এই প্রকল্পের পিছনে বোনাসিও পরিবার রয়েছে এই সংবাদ ব্যাপক মাত্রায় আত্মবিশ্বাস এনে দিয়েছে যে এটি একটি যথাযথভাবে সম্পাদিত সংস্কার ও পুনর্ব্যবহারের প্রকল্প হতে যাচ্ছে। ব্রান্ট লেক অঞ্চলের অধিবাসী হিসেবে শ্রুন লেক কমিউনিটি সত্যিকারের অসাধারণ প্রতিবেশী হতে যাচ্ছে যারা এই পুনঃউন্নয়ন প্রকল্পকে সাদরে বরণ করে নেবে এবং বোনাসিও পরিবার, হে ক্রিক হোটেল, এবং এই এলাকায় তারা যেসব দর্শনার্থী নিয়ে আসতে সাহায্য করবে সেসব অসংখ্য দর্শনার্থীর প্রতি সর্বোচ্চ স্তরের আতিথেয়তা প্রদান করবে। এই প্রকল্পের মূল্য ও সম্ভাবনা দেখতে পাওয়ার পাশাপাশি আশেপাশের কমিউনিটিগুলোর ব্রাউন সোয়ান রিসোর্টকে দীর্ঘমেয়াদী সহায়তা প্রদান করার সক্ষমতার প্রতি বিশ্বাস রাখা এবং এটি করার মধ্য দিয়ে সংশ্লিষ্ট সবাইকে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব নর্থ কান্ট্রি ও স্টেটজুড়ে কমিউনিটিগুলোর জন্য যে দারুণ সুবিধা নিয়ে আসতে পারে তা প্রদর্শনের সুযোগ করে দেওয়ার জন্য আমি গভর্নর হোকল ও নর্থ কান্ট্রি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের প্রশংসা করি।"

**শ্রুন টাউনের সুপারভাইজার মেগ উড বলেন, "**শ্রুন লেক সব মৌসুমের চিত্তবিনোদন এবং অ্যাডিরনড্যাক পার্ক ঘুরে দেখা উপভোগ করতে দর্শনার্থীদের জন্য একটি পরিবার-কেন্দ্রিক, শান্ত গন্তব্যস্থল হিসেবে এটির দীর্ঘদিনের সুনাম ধরে রেখেছে। আসল ব্রাউন সোয়ান ক্লাব 20 শতকের মাঝামাঝি সময়ে এসেও 19 শতকের লেকফ্রন্ট হোটেলগুলোর গ্রাম্য আভিজাত্য বহন করেছে। শ্রুনের বাসিন্দারা এটা জেনে আনন্দিত যে আমাদের টাউনের এবং অ্যাডিরনড্যাক অঞ্চলের ইতিহাস ও চরিত্র এই প্রকল্পের একটি অংশ হয়ে থাকবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। রিজিওনাল কাউন্সিলস (Regional Councils) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন